ঢাকা ওয়াসা

বিষয়ঃ Staff Development Course আয়োজন প্রসঙ্গে।

০১। বর্ণিত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রের ২০২৫-২৬ অর্থ বছরের জন্য প্রণীত এবং ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক অনুমোদিত প্রশিক্ষণ পরিকল্পনায় Staff Development Course অন্তর্ভুক্ত রয়েছে। ০২ (দুই) ব্যাচে Staff Development Course এর মাধ্যমে প্রশিক্ষণ প্রদানের জন্য প্রতি ব্যাচে ২৫ (পঁচিশ) জন হিসেবে সর্বমোট ৫০ (পঞ্চাশ) জন প্রশিক্ষণার্থীর তালিকা প্রস্তুত করা হয়েছে (সংযুক্তি-২)। যৌক্তিক কারণে কোন প্রশিক্ষনার্থী উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করতে অসমর্থ হলে সমপর্যায়ের অন্য কর্মচারীকে আমন্ত্রণ জানানো হবে। ০৩ (তিন) কর্ম-দিবস মেয়াদী কোর্সেটির ১ম ব্যাচ আগামী ২২, ২৩ ও ২৪ ফেব্রুয়ারী ২০২৬ এবং ২য় ব্যাচ আগামী ২৫, ২৬ ফেব্রুয়ারী ও ০১ মার্চ ২০২৬ তারিখে অথবা সুবিধাজনক সময়ে ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রে আয়োজন করা যেতে পারে। কোর্সেটিতে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীগণ যাতে চাকুরি সংক্রান্ত বিধিবিধান, কর্মক্ষেত্রে দায়িত্ব কর্তব্য, জন সাধারণ ও উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে আচরণ, ব্যক্তিগত স্বাস্থ্য, অগ্নি দুর্ঘটনা, ভূমিকম্পে করণীয় ও বর্জনীয় এবং ডিএমএ ব্যবস্থাপনা সম্পর্কে তাত্ত্বিক ও ব্যবহারিক ধারনা লাভ করতে পারে সে আলোকে কোর্সে প্রোগ্রাম প্রণয়ন করা হয়েছে (সংযুক্তি-৩)। কোর্সটিতে ঢাকা ওয়াসা ও ফায়ার সার্ভিস বিভাগ হতে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ কর্মকর্তাদের বক্তৃতা প্রদানের জন্য আমন্ত্রণ জানানো হবে।

০২। ০৩ (তিন) দিন মেয়াদী ৫০ (পঞ্চাশ) জনের জন্য উক্ত ০২ (দুই) ব্যাচ প্রশিক্ষণ সম্পাদনের সম্ভাব্য ব্যয় নিম্নরূপঃ

(ক) বক্তার সম্মানী	৭৪,৪০০/-	(২ সেসন ৩,৬০০/- টাকা হারে+১০ সেসন ৩,০০০/- টাকা হারে)× ২ ব্যাচ
(খ) প্রশিক্ষণার্থীদের ভাতা	৯০,০০০/-	(২৫ জন ৬০০/- হারে ৩ দিন) × ২ ব্যাচ
(গ) কোর্স পরিচালকের সম্মানী	১২,০০০/-	(২,০০০/- টাকা হারে ৩ দিন)× ২ ব্যাচ
(ঘ) কোর্স সমন্বয়কের সম্মানী	৯,০০০/-	(১,৫০০/- টাকা হারে ৩ দিন)× ২ ব্যাচ
(ঙ) সহায়ক স্টাফের সম্মানী	১৮,০০০/-	(৩ জন ১,০০০/- টাকা হারে ৩ দিন)× ২ ব্যাচ
(চ) খাবার ভাতা (সরকার নির্ধারিত হারে রমজান মাসের জন্য)	৯০,০০০/-	(সাপোর্টিং স্টাফসহ ৩০ জন ৫০০/- টাকা হারে×৩ দিন) × ২ ব্যাচ
(ছ) ব্যাগ, নোটবুক ও কলম	৫৫,০০০/-	২ ব্যাচের ৫০ সেট ১,১০০/- টাকা হারে)
(জ) প্রশিক্ষণ মডিউল ফটোকপি ও বিবিধ	১৫,০০০/-	২ ব্যাচ আনুমানিক লামসাম
সর্বমোট	=৩,৬৩,৪০০/-	(কথায়ঃ টাকা তিন লক্ষ তেষট্টি হাজার চারশত মাত্র)

০৩। এমতাবস্থায়, ০২ (দুই) ব্যাচে ২৫ (পঁচিশ) জন হিসেবে সর্বমোট ৫০ (পঞ্চাশ) জন প্রশিক্ষণার্থীর মনোনয়ন, কোর্স প্রোগ্রাম, কোর্স আয়োজনে প্রয়োজনীয় ব্যয় নির্বাহের নিমিত্তে "প্রশিক্ষণ ফি" খাতের বরাদ্দ হতে সর্বমোট টাকা=৩,৬৩,৪০০/- (তিন লক্ষ তেষট্টি হাজার চারশত মাত্র) ব্যয়ের এবং ক্ষেত্রমতে প্রযোজ্য ভ্যাট ঢাকা ওয়াসা হতে বহন করার অনুমোদনসহ উক্ত পরিমাণ টাকা প্রধান প্রশিক্ষণ কর্মকর্তার অনুকূলে অস্থায়ী অগ্রীম হিসেবে প্রদানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। প্রস্তাবিত বাজেটে উল্লিখিত ব্যয়ের চাইতে খাতওয়ারী প্রকৃত ব্যয় কম/বেশি হতে পারে। তবে মোট প্রকৃত ব্যয় অনুমোদিত ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ থাকবে। কোর্সে সমাপ্তির পর সমুদয় অর্থ প্রকৃত ভাউচারের মাধ্যমে হিসাব বিভাগে সমন্বয় করা হবে।

সদয় অনুমোদনের জন্য পেশ করা হল।

০২/০২/২০২৬
DCTO (A&F)
মোশাররফ হোসেন
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
(প্রশাসন ও অর্থ)
প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা ওয়াসা

CTO 2/2/26
মোঃ ওয়াজ উদ্দীন
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
ঢাকা ওয়াসা।

DMD (HR & Admin) Sir
মোঃ আমিরুল ইসলাম
(যুগ্মসচিব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
ঢাকা ওয়াসা

2/2/26
PA to CTO

উপ-ব্যবস্থাপনা পরিচালক
মানবসম্পদ ও প্রশাসন

০২/০২/২০২৬
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

DCTO (A&F)
CTO 5/2/26